গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.০৯২.২১.১০৫৬ তারিখ: ১৫ জুলাই ২০২১

# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি
## বিভিন্ন অপরাধে ১১৪টি প্রতিষ্ঠানকে ৬.৫৮ লক্ষ টাকা জরিমানা

**১৪ জুলাই ২০২১ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় বিভাগীয় ও জেলা কার্যালয়ের৩৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, গাজীপুর, শরীয়তপুর, শেরপুর, টাঙ্গাইল, জামালপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, কক্সবাজার, চাঁদপুর, খুলনা, যশোর, ঝিনাইদহ, বরিশাল, পটুয়াখালী, ভোলা, দিনাজপুর, কুড়িগ্রাম, রংপুর, হবিগঞ্জ, সিলেট, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, নওগাঁ ও বগুড়া-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

প্রধান কার্যালয়েরউপপরিচালক জনাব মোঃ মাসুম আরেফিন, বিকাশ চন্দ্র দাস, সহকারী পরিচালক জনাব প্রনব কুমার প্রামানিক ও ঢাকা বিভাগীয় কার্যালয়েরউপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব রোজিনা সুলতানা, জনাব মোঃ মাগফুর রহমান, জনাব মাহমুদা আক্তার ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডলকর্তৃক কলোনী বাজার, এলিফ্যান্ট রোড, মোহাম্মদপুর কৃষি মার্কেট, লালবাগ, হকার্স মার্কেটএলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রির অপরাধে 'মেডিসিন ফেয়ার', 'আকাশ মেডিকেল', 'হেলথ স্মার্ট ফার্মেসী'কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'মুসফিকা মেডিসিন কর্ণার' ও 'বগুরা দধি ভান্ডার' কে যথাক্রমে ২,০০০/- (দুই হাজার) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'মায়ের দোয়া জেনারেল স্টোর', 'ম্যাসেজ কাঞ্চন স্টোর', 'আলিফ মাংসের দোকান', 'ইমন মাংস বিতান', 'হাশেম এন্টারপ্রাইজ' কে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রির অপরাধে 'Adiyan Pharma & Departmental Store' কে ১০,০০০/- (দশ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে 'ক্যাফে নোয়াখালী' কে ২,০০০/- (দুই হাজার) টাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে 'পুষ্টি হোম মেইড' কে ২,০০০/- (দুই হাজার) টাকা, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যের অপরাধে'মেসার্স পথের বন্ধু ফিলিং স্টেশন' কে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত১৪ জুলাই ২০২১ তারিখে মোট **৭০,৫০০/- (সত্তর হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৩১** বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমেঅস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ, ওজনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **৯৭টি** প্রতিষ্ঠানকে **৫,৭১,০০০/- (পাঁচ লক্ষ একাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি এবং অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো অপরাধে **৩টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৩ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

গত ১৪ জুলাই ২০২১ তারিখে সর্বমোট**৩৯টি** বাজার তদারকি কার্যক্রম পরিচালনা ও**৩টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১১৪টি** প্রতিষ্ঠানকে মোট **৬,৫৮,৫০০/- (ছয় লক্ষ আটান্ন হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ করা হয়। আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, স্বাস্থ্য বিভাগ, কৃষি বিভাগ, মৎস্য বিভাগ, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) সহ সংশ্লিষ্ট শিল্প বণিক সমিতির প্রতিনিধিবৃন্দ অধিদপ্তর পরিচালিত বাজার অভিযানে সহযোগিতা প্রদান করেন। বাজার অভিযান/তদারকিকালে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভোক্তা এবং ব্যবসায়ীবৃন্দের মধ্যে লিফলেট, প্যাম্ফলেট বিতরণসহ হ্যান্ডমাইকে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া হয়।

এছাড়াও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ ভোক্তাঅধিকার সংরক্ষণ আইন অনুযায়ী ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ভোক্তা-অধিকার সংরক্ষণ নিশ্চিতকরণসহ স্থিতিশীল বাজার ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

স্বাক্ষরিত/-
(তাহমিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোন: ০২-৮১৮৯৪১১
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকন্ঠ/দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/ দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকন্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/ দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।